ড. মঙ্গল কুমার নায়ক, সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগ, নাড়াজোল রাজ কলেজ
==

Short questions and answers of Early Medieval India (600AD – 1200AD)

১) প্রশ্ন:- হর্ষবর্ধন দাক্ষিনাত্যের কোন রাজার কাছে পরাজিত হয়েছিলেন ?

উত্তর:- হর্ষবর্ধন দাক্ষিনাত্যের চালুক্যরাজ দ্বিতীয় পুলাকেশীর কাছে পরাজিত হয়েছিলেন ।

২) প্রশ্ন:- গৌড় সার্বভৌম রাজ্যটির প্রতিষ্ঠাতা কে ?

উত্তর:- গৌড় সার্বভৌম রাজ্যটির প্রতিষ্ঠাতা ছিলেন গৌড়রাজ শশাংক ।

৩) প্রশ্ন:- বাংলার প্রথম সার্বভৌম নরপতি কে ছিলেন ?

উত্তর:- গৌড়রাজ শশাংক বাংলার প্রথম সার্বভৌম নরপতি কে ছিলেন ।

৪) প্রশ্ন:- থানেশ্বর রাজ্য কে স্থাপন করেন ?

উত্তর:- প্রভাকরবর্ধন থানেশ্বর রাজ্য স্থাপন করেন ।

৫) প্রশ্ন:- হর্ষবর্ধনের রাজধানী কোথায় ছিল ?

উত্তর:- হর্ষবর্ধনের রাজধানী ছিল কনৌজ ।

৬) প্রশ্ন:- মিহিরকুল কে ছিলেন ?

উত্তর:- মিহিরকুল ছিলেন একজন হুন নেতা ।

৭) প্রশ্ন:- হিউয়েন-সাঙ কে ছিলেন ?

উত্তর:- হিউয়েন-সাঙ ছিলেন চিনদেশীয় পরিব্রাজক যিনি হর্ষবর্ধনের রাজত্বকালে ভারতে আসেন ।

৮) প্রশ্ন:- প্রাচীন ভারতে উত্তরাপথের সর্বাধিনায়ক বা সকল উত্তরপথনাথ কাকে বলা হত ?

উত্তর:- হর্ষবর্ধন কে প্রাচীন ভারতে উত্তরাপথের সর্বাধিনায়ক বা সকল উত্তরপথনাথ বলা হত ।

৯) প্রশ্ন:- হিউয়েন-সাঙ রচিত বিবরণীর নাম কী ?

উত্তর:- হিউয়েন-সাঙ রচিত বিবরণীর নাম সি-ইউ-কি ।

১০) প্রশ্ন:- প্রয়াগের মেলা কি নামে পরিচিত ছিল ?

উত্তর:- প্রয়াগের মেলা মহামোক্ষ ক্ষেএ নামে পরিচিত ছিল ।

১১) প্রশ্ন:- হর্ষবর্ধনের রাজত্বকালে কোন চিনদেশীয় পরিব্রাজক ভারতে আসেন ?

উত্তর:- হর্ষবর্ধনের রাজত্বকালে হিউয়েন-সাঙ ভারতে আসেন ।

১২) প্রশ্ন:- হর্ষচরিত কে রচনা করেন ?

উত্তর:- বাণভট্ট হর্ষচরিত রচনা করেন ।

১৩) প্রশ্ন:- ত্রি-শক্তি সংগ্রাম কোন কোন রাজ্যের মধ্যে হয়েছিল ?

উত্তর:- ত্রি-শক্তি সংগ্রাম পাল, প্রতিহার,ও রাষ্ট্রকুট বংশের মধ্যে হয়েছিল ।

১৪) প্রশ্ন:- মাৎস্যন্যায়ের যুগ বলতে কি বোঝায় ?

উত্তর:- বাংলার শশাঙ্কের পরবর্তী যুগের অরাজকতাপূর্ণ রাজনৈতিক পরিস্থিতিকে মাৎস্যন্যায়ের যুগ বলে

১৫) প্রশ্ন:- বাংলার প্রথম নির্বাচিত নরপতি কে ?

উত্তর:- গোপালদেব বাংলার প্রথম নির্বাচিত নরপতি ।

১৬) প্রশ্ন:- সেন বংশের শেষ রাজা কে ছিলেন ?

উত্তর:- সেন বংশের শেষ রাজা ছিলেন লক্ষ্মণ সেন মতান্তরে কেশব সেন ।

১৭) প্রশ্ন:- তুঙ্গভদ্রা নদী কোথায় অবস্থিত ?

উত্তর:- দক্ষিণ ভারতের অন্ধ্রপ্রদেশ অঞ্চলে তুঙ্গভদ্রা নদী অবস্থিত ।

১৮) প্রশ্ন:- বাতাপির চালুক্য বংশের প্রথম স্বাধীন রাজার নাম কি ?

উত্তর:- বাতাপির চালুক্য বংশের প্রথম স্বাধীন রাজার নাম প্রথম পুলকেশী।

১৯) প্রশ্ন:- চালুক্য বংশের শ্রেষ্ঠ রাজার নাম কি ?

উত্তর:- চালুক্য বংশের শ্রেষ্ঠ রাজার নাম দ্বিতীয় পুলকেশী ।

২০) প্রশ্ন:- কোন দুই দক্ষিণ ভারতীয় রাজবংশ সপ্তম শতাব্দিতে সংঘাতে লিপ্ত হয় ?

উত্তর:- চালুক্য ও পল্লব রাজবংশ সপ্তম শতাব্দিতে সংঘাতে লিপ্ত হয় ।

২১) প্রশ্ন:- রাষ্ট্রকুট বংশের প্রকৃত প্রতিষ্ঠাতা কে ছিলেন ?

উত্তর:- রাষ্ট্রকুট বংশের প্রকৃত প্রতিষ্ঠাতা ছিলেন দন্তিদুর্গ ।

২২) প্রশ্ন:- পাল রাজবংশের প্রতিষ্ঠাতা কে ছিলেন ?

উত্তর:- পাল রাজবংশের প্রতিষ্ঠাতা ছিলেন গোপাল ।

২৩) প্রশ্ন:- পাল রাজবংশের প্রথম রাজা কে ?

উত্তর:- পাল রাজবংশের প্রথম রাজা গোপাল ।

২৪) প্রশ্ন:- পাল রাজবংশের শেষ শক্তিশালী রাজা কে ছিলেন ?

উত্তর:- পাল রাজবংশের শেষ শক্তিশালী রাজা ছিলেন রামপাল ।

২৫) প্রশ্ন:- সেন বংশের প্রথম স্বাধীন রাজা কে ?

উত্তর:- বিজয় সেন সেন বংশের প্রথম স্বাধীন রাজা ।

২৬) প্রশ্ন:- কৌলিন্য প্রথা কে প্রবর্তন করেন ?

উত্তর:- বল্লাল সেন কৌলিন্য প্রথা প্রবর্তন করেন ।

২৭) প্রশ্ন:- কল্যাণের চালুক্য বংশের সর্বশ্রেষ্ঠ রাজার কে ছিলেন ?

উত্তর:- ষষ্ঠ বিক্রমাদিত্য কল্যাণের চালুক্য বংশের সর্বশ্রেষ্ঠ রাজার ছিলেন ।

২৮) প্রশ্ন:- পল্লব বংশের প্রথম স্বাধীন রাজা কে ছিলেন ?

উত্তর:- শিবস্কন্দবর্মণ ছিলেন পল্লব বংশের প্রথম স্বাধীন রাজা ।

২৯) প্রশ্ন:- কোন রাজার রাজত্বকালে হিউয়েন-সাঙ পল্লব রাজ্যে আসেন ?

উত্তর:- পল্লব রাজ প্রথম নরসিংহবর্মণের রাজত্বকালে হিউয়েন-সাঙ পল্লব রাজ্যে আসেন ।

৩০) প্রশ্ন:- পল্লবদের রাজধানী কোথায় ছিল ?

উত্তর:- পল্লবদের রাজধানী ছিল কাঞ্চি নগরে ।

৩১) প্রশ্ন:- পল্লব বংশের শ্রেষ্ঠ রাজার কে ছিলেন ?

উত্তর:- পল্লব বংশের শ্রেষ্ঠ রাজার ছিলেন প্রথম নরসিংহবর্মণ ।

৩২) প্রশ্ন:- পল্লব বংশের শেষ রাজা কে ছিলেন ?

উত্তর:- পল্লব বংশের শেষ রাজা ছিলেন অপরাজিত ।

৩৩) প্রশ্ন:- প্রাচীন ভারতের কোন রাজা শৈলেন্দ্র সাম্রাজ্যের বিরুদ্ধে নৌ অভিযান পাঠিয়েছিলেন ?

উত্তর:- প্রথম রাজেন্দ্র চোল শৈলেন্দ্র সাম্রাজ্যের বিরুদ্ধে নৌ অভিযান পাঠিয়েছিলেন ।

৩৪) প্রশ্ন:- চোল বংশের শ্রেষ্ঠ রাজা কে ছিলেন ?

উত্তর:- চোল বংশের শ্রেষ্ঠ রাজা ছিলেন প্রথম রাজেন্দ্রচোল ।

৩৫) প্রশ্ন:- কোন প্রাচীন ভারতীয় রাজশক্তি খ্রিস্ট পরবর্তী একাদশ শতাব্দিতে দক্ষিণ-পূর্ব এশিয়া ও সিংহল আক্রমণ করেন ?

উত্তর:- দক্ষিণ ভারতের চোল রাজশক্তি খ্রিস্ট পরবর্তী একাদশ শতাব্দিতে দক্ষিণ-পূর্ব এশিয়া ও সিংহল আক্রমণ করেন ।

৩৬) প্রশ্ন:- গঙ্গৈইকোণ্ড উপাধি কে ধারণ করেন ?

উত্তর:- চোল বংশের সর্বশ্রেষ্ঠ রাজা রাজেন্দ্র চোল গঙ্গৈইকোণ্ড উপাধি ধারণ করেন ।

৩৭) প্রশ্ন:- রাজেন্দ্র চোল গঙ্গৈইকোণ্ড উপাধি ধারণ করেন কেন ?

উত্তর:- পাল বংশীয় রাজা মহীপাল কে পরাজিত করে রাজেন্দ্র চোল গঙ্গৈইকোণ্ড উপাধি ধারণ করেন ।

৩৮) প্রশ্ন:- চোল বংশের শেষ শক্তিশালী রাজার নাম কি ?

উত্তর:- চোল বংশের শেষ শক্তিশালী রাজার নাম ছিল চোলরাজ কুলোতুঙ্গ ।

৩৯) প্রশ্ন:- শশাঙ্কের রাজধানীর নাম কি ?

উত্তর:- শশাঙ্কের রাজধানীর নাম কর্ণসুবর্ণ ।

৪০) প্রশ্ন:- গৌড় সার্বভৌম রাজ্যটির প্রতিষ্ঠাতা কে ?

উত্তর:- গৌড় সার্বভৌম রাজ্য প্রতিষ্ঠাতা করেন শশাঙ্ক ।

৪১) প্রশ্ন:- কাদম্বরী কে রচনা করেন ?

উত্তর:- হর্ষবর্ধনের সভাকবি বাণভট্ট কাদম্বরী রচনা করেন ।

৪২) প্রশ্ন:- কৈবর্ত বিদ্রোহের নায়ক কে ছিলেন ?

উত্তর:- কৈবর্ত বিদ্রোহের নায়ক ছিলেন দিব্য বা দিব্যক ।

৪৩) প্রশ্ন:- কোন পাল রাজার সময় কৈবর্ত বিদ্রোহ ঘটে ছিল ?

উত্তর:- পাল রাজা দ্বিতীয় মহীপালের রাজত্বকালে কৈবর্ত বিদ্রোহ ঘটে ছিল ।

৪৪) প্রশ্ন:- চোল রাজ্যের প্রতিষ্ঠাতা কে ছিলেন ?

উত্তর:- চোল রাজ্যের প্রতিষ্ঠাতা ছিলেন কারিকল